



হরমুজ প্রণালিতে দুই জাহাজে হামলার দাবি ইরানের



সংগৃহীত ছবি

মার্কিন হামলার জবাবে হরমুজ প্রণালিতে দুটি জাহাজে হামলা চালানোর দাবি করেছে ইরান। দেশটির ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, প্রণালিতে অবস্থানরত দুটি জাহাজকে লক্ষ্য করে এ হামলা চালানো হয়।

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে বলা হয়েছে, হরমুজ প্রণালিতে সব ধরনের জাহাজ চলাচল সম্পূর্ণভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। এই ঘোষণার পর আন্তর্জাতিক বাজারে তেলের দামে কিছুটা উত্থান দেখা গেছে।

আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, অবৈধভাবে প্রণালি অতিক্রমের চেষ্টা করার সময় দুটি তেলবাহী ট্যাংকারে হামলা চালানো হয়েছে বলে আইআরজিসি দাবি করেছে। একই সঙ্গে বাহরাইনের শেখ ইসা বিমানঘাঁটি এবং কুয়েতের আলি আল-সালেম ও আহমাদ আল-জাবের বিমানঘাঁটিতে ড্রোন হামলার কথাও জানিয়েছে তারা।

এর আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের হুঁশিয়ারি দেন। এরপর বন্দর আকবাসহ কয়েকটি শহরে বিস্ফোরণের শব্দ শোনা যায় এবং তেহরানের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয় বলে জানা গেছে।

এদিকে ইরানের সর্বোচ্চ সামরিক কমান্ড হরমুজ প্রণালি সম্পূর্ণ বন্ধের ঘোষণা দিয়ে সতর্ক করেছে, নির্দেশ অমান্য করে কোনো জাহাজ চলাচল করলে সেটিকে লক্ষ্যবস্তু করা হবে।